

## ■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৯৬

৩৯/ সংসারের প্রতি অনাসত্তি (كتاب الزهد عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সামনে প্রশংসা করা পছন্দনীয় নয় এবং প্রশংসাকারী প্রসঙ্গে।

بَابٌ مَا جَاءَ فِي كَرَاهِيَّةِ الْمِدْحَةِ وَالْمَدَحِينَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، حَدَّثَنَا سُفِيَّانُ، عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِتٍ، عَنْ مُجَاهِدٍ، عَنْ أَبِي مَعْمَرٍ، قَالَ قَامَ رَجُلٌ فَأَثْنَى عَلَى أَمِيرٍ مِّنَ الْأَمْرَاءِ فَجَعَلَ الْمِقْدَادُ يَحْثُو فِي وَجْهِهِ التُّرَابَ وَقَالَ أَمْرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ نَحْثُو فِي وُجُوهِ الْمَدَحِينَ التُّرَابَ . وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَوَى زَائِدٌ عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ عَنْ مُجَاهِدٍ عَنْ أَبْنَى عَبَّاسٍ وَحَدِيثُ مُجَاهِدٍ عَنْ أَبِي مَعْمَرٍ أَصَحُّ . وَأَبُو مَعْمَرٍ أَسْمُهُ عَبْدُ اللَّهِ بْنُ سَخْبَرَةَ وَالْمِقْدَادُ بْنُ الْأَسْوَدِ هُوَ الْمِقْدَادُ بْنُ عَمْرِو الْكِنْدِيُّ وَيُكَنُّ أَبَا مَعْبِدٍ وَإِنَّمَا نُسِبَ إِلَى الْأَسْوَدِ بْنِ عَبْدِ يَعْوَثَ لَآنَهُ كَانَ قَدْ تَبَنَّاهُ وَهُوَ صَغِيرٌ .

বাংলা

২৩৯৬. মুহাম্মদ ইবন বাশশার (রহঃ) ..... আবু মামার (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার জনৈক ব্যক্তি দাঁড়িয়ে কোন এক আমীরের প্রশংসা করতে শুরু করে। তখন মিকদাদ ইবন আসওয়াদ (রাঃ) তার মুখে বালু ছুড়ে মারেন, আর বললেনঃ প্রশংসাকারীদের মুখে বালু ছুড়ে মারতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নির্দেশ দিয়েছেন।

সহীহ, ইবনু মাজাহ ৩৭৪২, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৯৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। হাদীসটি হাসান-সহীহ। যাইদা (রহঃ)-ও ইয়ায়ীদ ইবন আবু যিয়াদ-মুজাহিদ-ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে রিওয়ায়াত করেছেন। মুজাহিদ-আবু মামার (রহঃ) সূত্রে বর্ণিত সনদটি অধিকতর সহীহ।

আবু মামার (রহঃ)-এর নাম হল আবদুল্লাহ ইবন সাখবারা। মিকদাদ ইবন আসওয়াদ রাদিয়াল্লাহু আনহু হলেন

মিকদাদ ইবন আমর কিন্দী। তার কুনিয়াত হল আবু মামার। আসওয়াদ ইবন আবদ ইয়াগুছ তাকে শৈশব অবস্থায়ই পালক পুত্ররপে গ্রহণ করেছিলেন বলে আসওয়াদ-এর সাথে তাতে সম্পর্কিত করে তাকে মিকদাদ ইবন আসওয়াদ বলা হয়।

## English

Abu Ma'mar said:

"A man stood and praised one of the 'Amirs so Al-Miqdad bin Al-Aswad threw dust in his face and said: 'The Messenger of Allah (s.a.w) ordered us to throw dust in the faces of those who praise others.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁচিরীকৃত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু মামার (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37750>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন